দর্শনার দোস্ত গ্রামে যুবকের ঝুলন্ত লাশ উদ্ধার

দর্শনার দোস্ত গ্রামে পারিবারিক কলহের জেরে রকিব শিকদার (২২) নামে এক যুবকের গলায় রশি দিয়ে আত্মহত্যা করেছে।

আজ বুধবার (২৭ সেপ্টেম্বর) ভোর সাড়ে ৫ টার দিকে নিজ বাড়ির নিজের ঘরের স্বয়ং কক্ষে বাঁশের আড়ার সাথে গলায় রশি দিয়ে আত্মহত্যা করে।

মৃত্যু রকিব সিকদার চুয়াডাঙ্গা সদর উপজেলার নেহালপুর ইউনিয়নের দোস্ত গ্রামের স্কুল পাড়ার রহিম শিকদারের ছেলে।

পারিবারিক সুত্রে জানাগেছে গত মঙ্গলবার রাতে মা বাবা রকিব সিকদারকে বকা ঝকা করে। ছেলে মান অভিমান সহ্য করতে না পেরে সবাই ঘুমিয়ে পড়ে। সবার অজান্তে নিজ ঘরের আড়ার সাথে গলাই রশি দিয়ে আত্নহত্যা করে।ভোরে পরিবারের লোকজন ঝুলন্ত লাশ উদ্ধার করে পুলিশকে খবর দেয়।

পুলিশ খবর পেয়ে লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠায়। লাশ ময়না তদন্ত শেষে পরিবারের কাছে হস্তান্তর করে।এ ঘটনায় দর্শনা থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

দর্শনায় ফেনসিডলসহ দক্ষিন চাঁদপুরের জিন্না আটক

দর্শনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান চালিয়ে ১০ বোতল ফেনসিডলসহ জিন্নাত আলী (৪২) কে আটক করেছে। সে দক্ষিন চাঁদপুর গ্রামের মাঝের পাড়ার আবুল কাসেমের ছেলে।

জানাযায় আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৫ টার দিকে চুয়াডাঙ্গা জেলার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো:

শরিয়তউল্লাহ ও পরিদর্শক নাজমুল হোসেন খান উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেনের নেতৃত্বে অভিযান চালায়, দর্শনা দক্ষিন চাঁদপুর গ্রামে।এ সময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান চালিয়ে মাদক ব্যাবসায়ী জিন্নাতের বসত বাড়ির ঘরের ভিতর তল্লাশী করে ১০ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় উপ পরিদর্শক আকবর হোসেন বাদী হয়ে আসামির বিরুদ্ধে দর্শনা থানায় একটি নিয়মিত মামলা দায়ের করে। আজ তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে পুলিশ।

দর্শনায় বেগমপুরে ৫০লিটার মদসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গার দর্শনা থানা ও হিজলগাড়ী ক্যাম্প পুলিশের যৌথ অভিযানে ৫০ লিটার চোলাই মদ, পাখি ভ্যানসহ ১ জনকে গ্রেফতার করেছে।

গতকাল রবিবার রাত সাড়ে ১০ টার দিকে দর্শনা থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) মোঃ নিরব হোসেনের নেতৃত্বে হিজলগাড়ী পুলিশ ক্যাম্পের এসআই(নিঃ) শেখ রকিবুল ইসলাম সঙ্গীয় অফিসার-ফোর্স গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার বেগমপুর ডিহি ফার্মের পাশে রাস্তার উপর হতে বলদিয়া গ্রামের বিশ্বাস পাড়ার নিমাই মন্ডলের ছেলে মোঃ দায়েম (৬০)কে ৫০ লিটার চোলাই মদ ও মাদক বহনকারী একটি পাখি ভ্যানসহ হাতেনাতে গ্রেফতার করে।গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মামলা হয়েছে।

বলদিয়া গ্রামবাসি জানায়, পুলিশের চোখ ফাকি দিয়ে ডিহি ফার্মের পিছনের বাগানে একটি চক্র নিয়মিত জুয়া ও মদের আড্ডা বসে।আর সেখানেই এই মদ বেচাকেনা হয় বলে এলাকাবাসি জানায়। আজ তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দর্শনার মদনায় প্রবীন সামাজিক কেন্দ্র সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে ফ্রি চিকিৎসা প্রদান

দর্শনা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের প্রবীন সামাজিক কেন্দ্রে ওয়েভ ফাউন্ডেশনের সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে চর্ম ও যৌন রোগের ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকাল ১০টায় এ মেডিকেল ক্যাম্পের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা সদর হাসপাতালের সিভিল সার্জন মোঃ সাজ্জাদ হাসান। বাংলাদেশ স্পালাইজড হাসপাতাল ঢাকা থেকে আগত ডাঃ মোঃ ফারুক হোসেন পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ১৫২ জন চর্ম ও যৌন রোগিকে চিকিৎসা প্রদান করেন।

এ মেডিকেল ক্যাম্প অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতার্ ডাঃ হেলেনা আক্তার নীপা, পারকৃষ্ণপুর মদনা ইউনিয়ন প্রবীন কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা আজিমুদ্দিন, সহ-সভাপতি ও ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুনতাজ আলী, সাধারণ সম্পাদক হারুন অর রশিদ, লোকমোর্চার সচিব কানিজ সুলতানা। সার্বিক সহযোগিতায় ছিলেন,তরিকুল ইসলাম, লাল্টু রহমান, সাইফুল ইসলাম, মিলি ও জগৎনাথ।

দর্শনায় পৌর আওয়ামীলীগের কর্মী সভায় এমপি টগর

দর্শনা পৌর আওয়ামীলীগের ৯টি ওয়ার্ডের সমন্বয়ে এক কর্মীসভা অনুষ্টিত হয়েছে।

গতকাল শুক্রবার রাত ৮ টার দিকে দর্শনা পৌর আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে কর্মী সভায় চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর বলেন, আওয়ামীলীগ সরকারের আমলে দেশে ব্যাপক উন্নয়ন হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়ন কার্যক্রম চলছে দৃর্বার গতিতে।শেখ হাসিনার সাফল্য ও উন্নয়ন মানুষের সামনে তুলে ধরে নৌকায় ভোট চাইতে হবে।দলের বৃহত্তর স্বার্থে আমাদের মধ্যে ক্ষোভ অভিমান ভুলে যেতে হবে।শেখ হাসিনার সরকারকে আবারও ক্ষমতায় বসাতে কাধে কাধ মিলিয়ে কাজ করতে হবে নৌকার পক্ষে।নৌকা মার্কা বিজয়ী হলে দেশ ও জাতি উপকৃত হবে। জাতির জনকের সোনার বাংলাদেশ গড়তে এ সরকার কাজ নিরলস ভাবে।

দর্শনা পৌর আওয়ামীলীগের সহ সভাপতি শফিকুল আলমের সভাপতিত্বে ও দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবুর উপস্থাপনায়, বিশেষ অতিথীর বক্তব্য দেন দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু,পৌর আওয়ামীলীগের যুগ্ন সম্পাদক গোলাম ফারুক আরিফ,সাংগঠনিক সম্পাদক বিল্লাল হোসেন, দামুড়হুদা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, আলীগ নেতা আঃ জলিল, মোজাহারুল ইসলাম, আব্দুর রফিক কাবি, হাবিবুর রহমান হবি, কামাল উদ্দিন আহম্মেদ সান্টু, মুকুল মিয়াজী, সোলায়মান কবির, জয়নাল আবেদীন নফর, দাউদ হোসেন, নেফাউর রহমান মন্টু, আব্দুল হাকিম, হুমায়ন কবির, ছাত্রলীগ নেতা নাহিদ পারভেজ প্রমুখ। এ কর্মী সভায় ৯ টি ওয়ার্ডের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

দর্শনায় ৫০ লিটার রেকটিফাইড স্পিরিট, ৬ বোতল ফরেন লিকারসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গার দর্শনায় ৬ বোতল বিলাতি মদ ও ৫০লিটার রেকটিফাইড স্পিরিট সহ একজনকে গ্রেফতার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

জানাগেছে আজ বৃহস্পতিবার সকাল সাড়ে নয়টার দিকে দর্শনা কেরু এন্ড

কোম্পানি কোয়াটার থেকে তাকে গ্রেফতার করে।দর্শনা কেরুজ ই-টাইপ ৩৫ নং বাসা থেকে তাকে ৬ বোতল বিলাতি মদ ও ৫০লিটার রেকটিফাইড স্পিরিট বাড়ির ভিতর থেকে উদ্ধার করে।

গ্রেফতার ওয়াসিমকে উদ্ধারকৃত মাদকসহ দর্শনা থানায় হস্তান্তর করেন এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ পরিদর্শক আকবর হোসেন বাদী হয়ে দর্শনা থানায় একটি নিমিত মামলা দায়ের করেন।

গ্রেফতারকৃত ওয়াসিম (৩০) দর্শনা পৌরসভার আনোয়ারপুর এলাকার মো. আব্দুর রহিমের ছেলে।

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা যায়, পরিদর্শক নাজমুল হেসেন খান ও উপপরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেনের নেতৃত্বে দর্শনা থানাধীন বিভিন্ন এলাকায় মাদক বিরোধী অভিযান চালিয়ে এ সব মাদক উদ্ধার করে। এসময় কেরু কোম্পানির ই-টাইপ ৩৫ নং বাসা থেকে ৬ বোতল ফরেন লিকার বিলাতি মদ ও ৫০লিটার রেকটিফাইড স্পিরিট উদ্ধার সহ ওয়াসিম নামের একজনকে গ্রেফতার করে।

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। এ ঘটনায় দর্শনা কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারেফ হোসেন বলেন এ বিষয়ে আমার কাছে সসমাদকদ্রব্য নিয়ন্ত্রনের এডি ফোন করেছিলো আমি বলেছি মাদকের বিষয়ে কোন প্রকার আপোষ নেই আপনাদের মতো আপনারা ব্যাবস্থা নিন। কোন প্রকার কেরুর ভিতরে মাদক ব্যাবসা চলবে না।

গতকালই তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দর্শনায় ইয়াবা ট্যাবলেটসহ এক যুবক গ্রেফতার

দর্শনায় নগদ টাকা ২শ পিচ ইয়াবা ট্যাবলেটসহ এক যুবককে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ গ্রেফতারকৃত হাবিবুর রহমান তুফান (৩৫),

মানিকগঞ্জ জেলার আলী নগর গ্রামের আব্দুল লতিফের ছেলে।

এ ঘটনায় পুলিশ পলাতক হিসাবে ২ জনের বিরুদ্ধে দায়ের করেছে মামলা। জানাগেছে আজ বৃহস্পতিবার দিনগত রাত ২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামে।

এ সময় দর্শনা থানার এসআই নীতিশ বিশ্বাস গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় দর্শনা ঈশ্বরচন্দ্রপুর গ্রামের কবর স্থানের পাকা রাস্তার উপর। পুলিশ হাবিবুর রহমান তুফানকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত তুফানের দেহ তল্লাশি করে নগদ ২৭ হাজার টাকা ২ শ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে। এ ঘটনায় পুলিশ বাদি হয়ে পলাতক হিসাবে আরও ২ জনের বিরুদ্ধে মামলা দায়ের করে। আজ তাকে এস আই নীতীশ বিশ্বাস বাদি হয়ে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করে।

প্রতিবন্ধীদের অবহেলা নয় ভালোবাসতে হবে- এমপি টগর

দর্শনায় প্রতিবন্ধিদের মধ্যে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে। গতকাল সোমবার বিকালে দর্শনা কলেজ মাঠের এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্তিত থেকে প্রতিবন্ধিদের মধ্যে হুইল চেয়ার বিতরণকালে চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য, জনন্দদিত জননেতা হাজি আলী আজগার টগর বলেন, আ.লীগ সরকারের শাসনামলে দেশ বিধবা, প্রতিবন্ধি, মাতৃকালীন, বয়স্ক ভাতাসহ বিভিন্ন সুবিধার ব্যবস্থা করেছে। প্রতিবন্ধিরা এক সময় পরিবারের বোঝা মনে করা হলেও এখন তা নয়। কারণ অনেক প্রতিবন্ধি সরকারের সহযোগীতায় স্বাবলম্বি হয়েছে। তাছাড়া সরকার তাদের নিয়মিত ভাতা ব্যবস্থা চালু করেছে। সেক্ষত্রে প্রতিবন্ধিদের অবহেলা না করে ভালবাসতে হবে।

একটি বেসরকারি সংসংস্থার আয়াজনে হুইল চেয়ার বিতরণ অনুষ্ঠানে

বিশেষ অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, জীবননগর উপজলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান হাফিজ, সাবেক চেয়ারম্যান গোলাম মর্তূজা, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, কেরুজ অবসরপ্রাপ্ত এডিএম শেখ শাহাব উদ্দিন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, জেসিআই ঢাকা এ্যাস্ট্রালের পরিচালক মুনতাসির আজগার আকাশ, সংস্থার সভাপতি সাবির সামি মুহিত, শিকড় কল্যান সংস্থার সাধারণ সম্পাদক আবিদ জামাল, দর্শনা পৌর আ.লীগের সভাপতি বীর মুক্তিযাদ্ধা রুস্তম আলী, দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান, দর্শনা পৌর ছাত্রলীগের সভাপতি রফিকুল ইসলাম ববি, কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ, সাধারণ সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলোয়াত করা হয়। পরে অতিথিদের সংস্থার পক্ষ থেক উত্তরণী পরিয়ে দেয়া হয়েছে। এমপি আলী আজগার টগরকে ফুলেল শুভেচ্ছা সহ সম্মাননা স্মারক দেওয়া হয়। সার্বিক অনুষ্ঠানটি উপস্থাপনা করেন সাংবাদিক মিঠুন মাহমুদ।

দর্শনায় আইডিয়াল স্কুল এন্ড কলেজে বৃক্ষরোপণ অনুষ্টানে এমপি টগর

চুয়াডাঙ্গার দর্শনায় দর্শনা আইডিয়াল স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে বৃক্ষরোপণ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টায় দর্শনা পুরাতন বাজার জোড়া বটতলা সংলগ্ন দর্শনা আইডিয়াল স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে বৃক্ষরোপণ ও মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর।

তিনি বলেন,বৃক্ষকে ভালো বাসুন, বৃক্ষনিধন থেকে দূরে থাকুন,বেশী বেশী বৃক্ষ রোপন করুন। লেখাপড়ার পাশাপাশি খেলাধূলারও চর্চা করতে

হবে।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দর্শনা আইডিয়াল স্কুল এন্ড কলেজের পরিচালক ও উদ্যোক্তা গোলাম ফারুক আরিফ, সভাপতি উত্তম রঞ্জন দেবনাথ, আজমপুর সঃ প্রাঃ প্রধান শিক্ষক স্বরুপ কুমার দাস প্রধান শিক্ষক তনুশ্রী বসু,লিটিল এনজেলস ইন্টা স্কুলের প্রধান শিক্ষক বিকাশ কুমার দত্ত ও বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক রেজাউল ইসলাম, সোলাইমান হক,মোঃ রফিক উদ্দিন,প্রলয় শীল,আনন্দ কুমার, সুমি খাতুন,বাবুল আক্তার,প্রান্ত বিশ্বাস, প্রেসক্লাবের সহসভাপতি মোঃ জাহিদুল ইসলাম,সহসভাপতি মাহমুদ হাসান রনি, সাধারন সম্পাদক হানিফ মন্ডল, সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল, সাবেক সভাপতি মনিরুজ্জামান ধীরু,ইমতিয়াজ রয়েল ও সাংবাদিক হারুর রাজু প্রমুখ।

দর্শনায় জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

চুয়াডাঙ্গার দর্শনায় জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে এ র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

প্রথমে পৌরসভা সকল কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারিগণ পৌরসভা থেকে একটি বর্ণাঢ্য র্যালী নিয়ে দর্শনা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পৌরসভায় যেয়ে এক আলোচনা সভা করেন।

উক্ত অনুষ্ঠানে দর্শনা পৌরসভার প্যানেল মেয়র-১ রবিউল হক সুমনের সভাপতিত্বে আলোচনা করেন, সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত সচিব) সাজেদুল আলম, প্রধান সহকারী রুহুল আমিন খাঁন, হিসাব রক্ষক সরোয়ার হোসেন, প্যানেল মেয়র-২ রেজাউল ইসলাম, কাউন্সিলর সাবির হোসেন মিকা, হাসান খালেকুজ্জামান, মনির সর্দার, সাইফুল ইসলাম,

আশুরদ্দীন আশু।

এ সময় আরও উপস্থিত ছিলেন, শাহালম, জাহিদুল ইসলাম, মোমিনুল ইসলাম, আব্দুল মজিদ, মেহেদী হাসান সহ সকল কর্মকর্তা-কর্মচারি গণ।